

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৮২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. প্রথম অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

بَابُ مَا لَا يَجُوْزُ مِنَ الْعَمَلِ فِي الصَّلَاةِ وَمَا يُبَاحُ مِنْهُ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: سَأَلَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَن الِالْتِفَاتِ فِي الصَّلَاةِ فَقَالَ: «هُوَ اختلاس يختلسه الشَّيْطَان من صَلَاة العَبْد»

বাংলা

৯৮২-[৫] 'আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সালাতে এদিক-সেদিক দৃষ্টি নিক্ষেপ করার ব্যাপারে প্রশ্ন করেছি। তিনি বলেছেন, এটা ছোঁ মারা। শায়ত্বন (শয়তান) বান্দাকে সালাত (সালাত/নামায/নামাজ) হতে ছোঁ মেরে নিয়ে যায়। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭৫১, আবূ দাউদ ৯১০; হাদীসটি সহীহ মুসলিমে নেই।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সালাতে الاِلْتِفَات অর্থাৎ দৃষ্টি ফেরানো তিন প্রকার যথাঃ

- ১. কোন প্রয়োজন ব্যতিরেকে বক্ষ পরিবর্তন না করে শুধুমাত্র চেহারা ডান বা বাম দিকে ঘুরানো জমহূর 'আলিমদের মতে এমন করা মাকরাহ। আহলে যাহিরদের মতে হারাম।
- ২. শুধুমাত্র চোখ ডান বা বাম দিকে ফেরানো। এতে কোন ক্ষতি নেই যদিও তা উত্তমের বিপরীত।
- ৩. কিবলার দিক থেকে বক্ষকে অন্যদিকে ফেরানো। সর্বসম্মতক্রমে এ কাজ সালাত (সালাত/নামায/নামাজ) বিনম্বকারী।



অত্র হাদীস থেকে প্রথম প্রকার দৃষ্টি ফেরানো উদ্দেশ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন